১৫৪

দৈনিক জনকণ্ঠ

তারিখ 0 8 FEB 1998

পৃষ্ঠা ৭ কলাম ৪

### প্রধানমন্ত্রীর বইমেলা উদ্বোধনের প্রতিবাদ

# ক্যাম্পাসে ছাত্রদলের কালো পতাকা প্রদর্শন ও বিক্ষোভ মিছিল ॥ পুলিশের লাঠিচার্জ

**স্টাফ রিপোর্টার** ॥ বাংলা একাডেমীর বইমেলা শনিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্বোধন করেছেন। তাঁর আগমন উপলক্ষে, বড়ধরনের কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ে কালো পতাকাসহ বিক্ষোভ মিছিল করে। ছাত্রদলের মিছিলটি বাংলা একাডেমীর দিকে যাওয়ার চেষ্টা করলে কেন্দ্রীয় লাইব্রেরী সংলগ্ন গেটে পুলিশ মৃদু লাঠিচার্জ করে। এ সময় সংগঠনের সাত নেতা-কর্মী আহত হন।

এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমনকে স্বাগত জানিয়ে ছাত্রলীগ শো-পা। টিএসসি চত্বরে মিছিল করে। মিছিল থেকে প্রধানমন্ত্রীকে নানা স্লোগানের মাধ্যমে অভিনন্দন জানানো হয়।

প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ও আশপাশে নিশ্ছিদ্র নিরাপত্তার ব্যবস্থা করা হয়। বিভিন্ন পয়েন্টে মোতায়েন করা হয় প্রচুরসংখ্যক পুলিশ। সকাল আটটা থেকে পুলিশ ক্যাম্পাসের বিভিন্ন প্রবেশপথে ছাত্র-ছাত্রীদের পরিচয়পত্র পরীক্ষা ও দেহতল্লাশি করে। বেলা সাড়ে দশটায় ছাত্রদল মধুর ক্যান্টিন থেকে কালো পতাকাসহ বিক্ষোভ মিছিল বের করে। ক্যাম্পাস প্রদক্ষিণ করে মিছিলটি কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে এলে পুলিশ বাধা দেয়। এক পর্যায়ে ছাত্রদল নেতাকর্মীরা গেট ভেঙ্গে

(১১ পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## ক্যাম্পাসে ছাত্র দলের

(প্রথম পাতার পর)

টিএসসি'র দিকে যেতে চাইলে পুলিশ মৃদু লাঠিচার্জ করে। এ সময় ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবউন-নবী-সোহেল, যুগ্ম সম্পাদক শাহাবুদ্দীন নান্টু, রফিক শিকদার, মনির হোসেন, কামরুন্নাহার নার্গিস ও জেনেভাসহ কয়েকজন সামান্য আহত হন। ছাত্রদলের বিক্ষোভ চলাকালে ক্যাম্পাসে বিক্ষিপ্তভাবে কয়েকটি হাতবোমার আওয়াজ শোনা যায়।

পুলিশ লাঠিচার্জ করার আগে কেন্দ্রীয় লাইব্রেরী সংলগ্ন গেটে অনুষ্ঠিত হয় সমাবেশ। এ সময় ছাত্রদল নেতারা বলেন, প্রধানমন্ত্রী বহু আগে ক্যাম্পাসে আসার নৈতিক অধিকার হারিয়েছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের মানবাধিকার রিপোর্টে দেশের প্রকৃত চিত্র তুলে ধরা হয়েছে বলে তাঁরা অভিমত প্রকাশ করেন। পুলিশের লাঠিচার্জ, পরিচয়পত্র পরীক্ষা ও দেহতল্লাশির নিন্দা জানিয়ে বক্তারা বলেন, পুলিশ এ সরকারকে রক্ষা করতে পারবে না। সমাবেশে বক্তৃতা করেন শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি, হাবিব-উন-নবী সোহেল, মনির হোসেন, শাহাবুদ্দীন নান্টু, সাইফুল আলম নীরব, নাসির উদ্দিন অসীম, সেলিমুজ্জামান সেলিম, আব্দুল খালেক হাওলাদার, আব্দুল বাতেন, আনসার আলী খান, হেলেন জেরিন খান, রেহানা আক্তার রানু প্রমুখ।